ইগর্ভন্যান্স এ সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে অন্য দপ্তরের বাস্তবায়িত উদ্যোগ পরিদর্শন/ অভিজ্ঞতা অর্জন সম্পর্কৃত প্রতিবেদন :

মন্ত্রিপরিষদ বিভাগের ইগর্ভন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন নির্গেশিকা ২০২১-২২ এর কর্মসম্পাদন ক্ষেত্র ২নং ক্রমিকের ২.২.৫ এ প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে অন্য দপ্তরের ন্যূনতম একটি বাস্তবায়িত উদ্যোগ পরিদর্শন /অভিজ্ঞতা অর্জনের ব্যাবস্থা করার বিষয়ে উল্লেখ রয়েছে। এ কার্যক্রমের আওতায় গত ২৪/০৫/২০২২ তারিখ মহিলা বিষয়ক অধিদপ্তরের ইনোভেশন টিম ও ইনোভেশন মনিটরিং টিমের সদস্যরা সমাজ সেবা অধিদফতরের শারীরিক প্রতিবন্ধীদের বৃত্তিমূলক প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র (ইআরসিপিএইচ),সমাজসেবা অধিদফতর, টঙ্গী,গাজীপুর এর বিভিন্ন কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করেন।

**ক) ক) শারীরিক প্রতিবন্ধীদের বৃত্তিমূলক প্রশিক্ষণ ও পূনর্বাসন কেন্দ্র (ইআরসিপিএইচ):**
এ কার্যক্রমের আওতায় ১৮ থেকে ৪০ বছর বয়সের ও ন্যূনতম ৫ম শ্রেণি উত্তীর্ণ শারীরিক, বাক-শ্রবণ, দৃষ্টি প্রতিবন্ধী, মহিলা, দু:স্থ, এতিম, হিজড়া ও মৃদু অটিস্টিক প্রশিক্ষণার্থীদের ৬ মাস মেয়াদী বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণসহ চাকুরী ও স্ব-কর্মসংস্থানের মাধ্যমে পুনর্বাসন করা।

**প্রশিক্ষণ কার্যক্রম :**

| ক্রঃ নং | প্রশিক্ষণ ট্রেডের নাম | মেয়াদ | বর্তমান সেশনেভর্তিকৃত প্রশিক্ষণার্থী | | |
|---|---|---|---|---|---|
| | | | ইআরসিপিএইচ | এনটিআরসিবি | মোট |
| ১ | মেকানিক্যাল ওয়ার্কশপ | ১২ মাস | ১০ | - | ১০ |
| ২ | গবাদি পশু পালন | ৬ মাস | ০২ | - | ০২ |
| ৩ | কম্পিউটার এ্যাপ্লিকেশন | ৩ মাস | ২০ | ২০ | ৪০ |
| ৪ | পিএবিএক্স এবং কল সেন্টার | ৩ মাস | - | - | - |
| ৫ | ড্রেস মেকিং এন্ড টেইলারিং | ২ মাস | ২৭ | - | ২৭ |
| ৬ | গার্মেন্টস প্রশিক্ষণ | ৩ মাস | ২০ | - | ২০ |
| ৭ | মোবাইল সার্ভিসিং | ৩ মাস | ১০ | - | ১০ |
| | মোট | | ৮৯ | ২০ | ১০৯ |

সেবা ঃ
- আবাসন সুবিধা
- চিকিৎসা
- ধর্মীয় শিক্ষা
- খেলাধূলা ও চিত্তবিনোদন

খ) জাতীয় দৃষ্টি প্রতিবন্ধী প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র (এনটিআরসিবি)ঃ
১৯৭৬-১৯৭৮ সালে প্রথম এ প্রতিষ্ঠানটিতে দৃষ্টি প্রতিবন্ধীদের জন্য বিভিন্ন প্রশিক্ষণের কার্যক্রম চালু করা হয়। আত্মকর্মসংস্থানের মাধ্যমে তাদেরকে স্বাবলম্বী করার প্রয়াসে প্রতিষ্ঠানটি বিভিন্ন কার্যক্রম পরিচালনা করে আসছে। দৃষ্টি প্রতিবন্ধীদের জন্য ০৩ (তিনটি) প্রশিক্ষণ শাখা চলমান।
**ক) কম্পিউটার প্রশিক্ষণ, খ) পিএবিএক্স কল সেন্টার। বর্তমানে মোট ২১ জনপ্রশিক্ষণার্থী রয়েছে।**

গ) কৃত্রিম অঙ্গ উৎপাদন কেন্দ্র ঃ
এ কেন্দ্র হতে হাইটেক পা বাজার মূল্যের চেয়ে অনেক কম দামে শুধুমাত্র উৎপাদন খরচ নিয়ে অর্ধেকের চেয়েও কম মূল্যে সরবারহ করা সম্ভব হচ্ছে। বাংলাদেশে প্রতিবছর প্রায় ৩০০০ কৃত্রিম পায়ের চাহিদা রয়েছে যারা অধিকাংশই আর্থিকভাবে দূর্বল। এ শ্রেণীকে বিভিন্ন কৃত্রিম অঙ্গের সাপোর্ট দিয়ে পুনরায় কর্মফিরিয়ে দেয়া সম্ভব। সমাজসেবার এ কর্মসূচিটি মানুষের জীবন মান উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে ।

হাসিনা আখতার খানম
সহকারী পরিচালক (অর্থ) ও
সদস্য সচিব, ইনোভেশন টিম
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা

উপপরিচালক (ম্যাজিস্ট্রেট)
ও
ইনোভেশন অফিসার
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা

সহায়ক ডিভাইস ও হাইটেক পা প্রদানের ক্ষেত্রে জাতীয় প্রতিবন্ধী ফাউন্ডেশন, সেন্টার ফর যাকাত ফান্ড এবং বিদ্যানন্দ ফাউন্ডেশনের সহায়তা গ্রহণ করা হচ্ছে। এ পর্যন্ত ২০ টি এভোব নী ও বিলো নী পা প্রতিষ্ঠানগুলির সহায়তায় পা হারা দু:স্থদের মাঝে বিতরণ করা হয়েছে।

সেবা কার্যক্রম ঃ

| ক্রঃনং | সাল | জয়পুরী | | হাইটেক | | প্রক্রিয়াধীন | | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | এভোবনী | বিলোনী | এভোবনী | বিলোনী | এভোবনী | বিলোনী | |
| ০১ | ২০১৮ পর্যন্ত | ৩০ | ১৯৮ | | | | | ২১৮ |
| ০২ | ২০২০ | ০৫ | ১১ | ১২ | ০৮ | ০১ | ২১ | ৩৭ |
| | | | | | | | সর্বামোট | ২৫৫ |

ঘ) হেয়ারিং এইড সার্ভিসঃ

সমাজকল্যাণ মন্ত্রণালয় হতে বধিরদের কক্লিয়ার ইমপ্লান্ট কর্মসূচিটি এখানে বাস্তবায়ন করা সম্ভব । বর্তমানে এখানে শ্রবণ প্রতিবন্ধী ব্যাক্তিদের হেয়ারিং লস পরিমাপ ও সহায়ক ডিভাইস স্বল্প পরিসরে বিতরণ করা হয়। এ সেবাটিকে আধুনিক যন্ত্রপাতি স্থাপনের মাধ্যমে উন্নত করা সম্ভব।

পুনর্বাসন কার্যক্রম ঃ

| ক্রঃনং | সাল | হেয়ারিং এইড বিতরণ | বিনামূল্যে কান পরীক্ষা | সার্ভিসিং | সর্বমোট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | ২০১৯ পর্যন্ত | ১৪৪ | ৫০৬ | ৩৮৫ | ১০৩৫ | |
| ০২ | ২০২১ | ১১ | ১১০ | ১৫ | ১৩৬ | |
| | | | | সর্বমোট | ১১৭১ | |

ঙ.) ব্রেইল প্রেসঃ ঃ

১৯৬৯ সালে ঢাকার আসাদ গেটে স্থাপিত হস্তচালিত ব্রেইল প্রেসটিকে ১৯৮২ সালে টঙ্গীতে পুনঃস্থাপন করা হয়। পুরাতন এই ব্রেইল প্রেসটিকে শুধুমাত্র ৫ম শ্রেণি পর্যন্ত টেক্সট বই ব্রেইল পদ্ধতিতে মুদ্রণ করে দেশের ৫টি সরকারী দৃষ্টি প্রতিবন্ধী বিদ্যালয়ে অধ্যয়নরত দৃষ্টি প্রতিবন্ধী শিক্ষার্থীদের মধ্যে বিনামূল্যে সরবরাহ করে আসছিল। মাধ্যমিক শ্রেণির ব্রেইল বই মুদ্রণ ও সরবরাহের নিমিত্ত ১৯৯১-৯৫ মেয়াদে প্রকল্পের আওতায় ১টি উচ্চ ক্ষমতাসম্পন্ন আধুনিক কম্পিউটারাইজড ব্রেইল প্রেস স্থাপন করা হয়। এই প্রেস হতে সরকার নির্ধারিত মূল্য/স্বল্পমূল্য/বিনামূল্য বিভিন্ন সমন্বিত দৃষ্টি প্রতিবন্ধী শিক্ষাকার্যক্রম, সরকারী দৃষ্টিপ্রতিবন্ধী বিদ্যালয় ও বেসরকারী প্রতিষ্ঠান সমূহে ব্রেইল বই সরবরাহের লক্ষমাত্রা নির্ধারণ করা হয়। বর্তমানে এনটিআরসিবি কর্তৃক বিনামূল্যে বই সরবরাহ কর্মসূচির আওতায় ১ম থেকে ১০ম শ্রেণির ব্রেইল বই মুদ্রণ করা হয়। সমাজসেবা অধিদফতরের আওতায় পরিচালিত ব্রেইল প্রেসটি বাংলাদেশ সরকারের একমাত্র সরকারী ব্রেইল প্রেস।

কার্যক্রম ঃ

| ক্রঃনং | সাল | ব্রেইল বইয়ের নাম | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | ২০১৮ পর্যন্ত | প্রাইমারী ও মাধ্যমিক শ্রেণীর এনসিটিবির বই | |
| ০২ | ২০১৯ | উচ্চ মাধ্যমিক শ্রেণীর বাংলা ও ইংরেজী বই | |
| ০৩ | ২০২০ | বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্নজীবনী, সরকারী কর্মচারী শৃঙ্খলা আপিল বিধি, সচিবালয় র্নিদেশমালা' ২০১৪ | |

হাসিনা আখতার খানম
সহকারী পরিচালক (অর্থ) ও
সদস্য সচিব, ইনোভেশন টিম
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা

উপপরিচালক (ম্যাজিস্ট্রেট)
ও
ইনোভেশন অফিসার
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা

**ইআরসিপিএইচ ও এনটিআরসিবির প্রশিক্ষণক্ষেত্রে আধুনিকায়ন ঃ**

সুইসকন্টাক্ট এবং বিকেএমইএ এর সহযোগিতায় আধুনিক মেশিন প্রতিস্থাপনের মাধ্যমে গার্মেন্টস প্রশিক্ষণ কার্যক্রমটি পরিচালিত হচ্ছে। কম্পিউটার ও মোবাইল সার্ভিসিং প্রশিক্ষণ সমূহ ভিউ ফাউন্ডেশন এর মাধ্যমে পরিচালিত হচ্ছে।

দৃষ্টি প্রতিবন্ধীদের জন্য জর্জ সফটওয়ার এর মাধ্যমে কম্পিউটার এবং টেলিফোন কল সেন্টার ও পিবিএক্স প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হচ্ছে। বিশেষ করে বাক ও শ্রবণ প্রতিবন্ধী ব্যাক্তিদের জন্য মেক্যানিকাল ওয়ার্কশপ প্রশিক্ষণ পরিচালিত হচ্ছে।

**ইআরসিপিএইচ এর ইনোভেশন কার্যক্রম ঃ**

বৈদুত্যিক বাল্ব প্রতিটি পরিবার এর জন্য একটি অপরিহার্য উপাদান । এ বিষয়টি মাথায় রেখে কেন্দ্রের প্রশিক্ষণার্থীদের মাধ্যমে এলইডি বাল্ব এসেম্বিলিং করে বৈদুত্যিক বাল্ব উৎপাদনের উদ্যেগ নেওয়া হয়েছে। একই সাথে একটি মিনি গার্মেন্টস স্থাপন করে প্রতিবন্ধী ব্যক্তিদের পূর্নবাসন করার উদ্যেগ গ্রহন করা হয়েছে। এ কর্মসূচী সমূহ ইতিমধ্যে সমাজসেবা অধিদফতরের মাধ্যমে সমাজকল্যাণ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। এ কর্মসূচী সমূহ বাস্তবায়ন করা গেলে অল্প পরিসরে বহু সংখ্যাক প্রতিবন্ধী ব্যক্তিদের কর্মে নিযুক্ত করা সম্ভব হবে।

**সহযোগী সংস্থা ঃ**

ইআরসিপিএইচ এর উনয়ন অগ্রযাত্রায় সহযোগী প্রতিষ্ঠান হিসেবে কাজ করছে বিভিন্ন সরকারী বেসরকারী প্রতিষ্ঠান যেমন জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, ভিউ ফাউন্ডেশন, সুইচ কন্টাক্ট, বিকেএমইএ, এক্সেস বাংলাদেশ , লিম্বস ইন্জিনিয়ারিং এবং এটুআই প্রকল্প ।

**সাম্প্রতিক অর্জন ঃ**

- প্রতিষ্ঠানের ওয়েবসাইট চালুকরণ (www.ercph.gov.bd);
- খসড়া নীতিমালা প্রণয়ন ও অধিদফতরে প্রেরণ;
- ই-ফাইলিং চালু;
- অনলাইনে ভর্তির আবেদন গ্রহণ ও দূরবর্তী আবেদনকারীদেও অনলাইনে সাক্ষাতকার গ্রহণ;
- 'ড্রেস মেকিং এন্ড টেইলারিং', গার্মেন্টস,'কম্পিউটার', 'পিএবিএক্স ও কল সেন্টার'এবং'ক্ষুদ্র ব্যবসা'প্রশিক্ষণ কোর্স চালু;
- ক্ষুদ্র ব্যবসা চালুর জন্য প্রাথমিক পুঁজিহিসেবে ১০,০০০/- টাকাপর্যন্ত (অফেরতযোগ্য) প্রদানের উদ্যোগ গ্রহণ;
- প্রশিক্ষণার্থীরসংখ্যাবৃদ্ধি;
- ব্রেইল প্রেস মেরামত করে বিনামূল্যে ব্রেইল বই বিতরণে উদ্যোগ গ্রহণ;
- অধিদফতরের অনুমতিক্রমে নারী,দু:স্থ,এতিম,হিজড়া,মৃদু অটিষ্টিক প্রশিক্ষণার্থী ভর্তির ব্যবস্থাকরণ;
- সর্বোচ্চ বয়সসীমা ২৫ থেকে ৪০ এ উন্নীতকরণ;
- ফলজ ও বনজবৃক্ষরোপণ;
- প্রশিক্ষণ ও পুনর্বাসনের জন্য বিভিন্ন সংস্থার সাথে MoU স্বাক্ষরের উদ্যোগগ্রহণ।
- প্রশিক্ষণ শেষে শতভাগ কর্মসংস্থান নিশ্চিতকরণে উদ্যোগ গ্রহণ;
- DPP প্রণয়নের উদ্যোগগ্রহণ;
- বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ কর্ণার স্থাপন;
- অনাবাসিকপ্রশিক্ষণার্থী ভর্তি।

হাসিনা আখতার খানম
০৫/০৬/২২

হাসিনা আখতার খানম
সহকারী পরিচালক (অর্থ) ও
সদস্য সচিব, ইনোভেশন টিম
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা

০২.০৬.2022
উপপরিচালক (ম্যাজিস্ট্রেট)
ও
ইনোভেশন অফিসার
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা